



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড
এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)

২৬ আশ্বিন ১৪৩৩

তারিখ : -----

১১ অক্টোবর ২০২৬

এসডিএডি সার্কুলার লেটার নং-১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

শারদীয় দুর্গাপূজা ২০২৬ উপলক্ষে তফসিলি ব্যাংকসমূহ বন্ধ ও খোলা রাখা প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ অক্টোবর ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৯১ এর অনুবৃত্তিক্রমে আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৬ উপলক্ষে আগামী ২০ হতে ২২ অক্টোবর ২০২৬ যথাক্রমে মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক বন্ধ থাকবে এবং আগামী ১৭ অক্টোবর ২০২৬ শনিবার বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক স্বাভাবিক সময়সূচি অনুযায়ী খোলা থাকবে।
- সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথসমূহ সপ্তাহে ০৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে ২০ হতে ২২ অক্টোবর ২০২৬ যথাক্রমে মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার সরকারি ছুটির দিন এবং ২৩ ও ২৪ অক্টোবর ২০২৬ যথাক্রমে শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখতে হবে। তবে, এক্ষেত্রে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)

পরিচালক (এসডিএডি)

ফোন: ৯৫৩০০৯৩